

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ  
একটি বাড়ি একটি খামার প্রকল্প  
প্রশাসন ও সমন্বয় শাখা

স্মারক নম্বর: ৪৭.৬০.০০০০.০০১.২৭.০০২.১৯.২৬

তারিখ: ২৪ মাঘ ১৪২৫

০৬ ফেব্রুয়ারি ২০১৯

বিষয়: সাময়িক বরখাস্তের অফিস আদেশ

জনাব মোঃ তানভীর হাসান সরকার, মাঠসহকারী, একটি বাড়ি একটি খামার প্রকল্প, মুরাদনগর, কুমিল্লা এর বিরুদ্ধে তার দায়িত্বপ্রাপ্ত পাহাড়পুর ইউনিয়নে নতুন সমিতি গঠন, সদস্যদের নিকট হতে নিয়মিত সঞ্চয় ও ঋণের কিস্তি আদায় এবং নিয়মিত সমিতি পরিদর্শন না করাসহ প্রকল্পের কাজে শৈথিল্যতা প্রদর্শনের বিষয়ে লিখিত অভিযোগ পাওয়া গেছে। এ বিষয়ে বর্তমান উপজেলা সমন্বয়কারী কর্তৃক তাকে বেশ কয়েকবার কৈফিয়ত তলবসহ তার বেতন কর্তন করা হলেও তার ইউনিয়নে প্রকল্পের কাজে কোন অগ্রগতি হয়নি।

২. বর্ণিত বিষয়টি অত্যন্ত হতাশাজনক, গুরুতর অসদাচারণ, কর্তব্য-কর্মে চরম অবহেলা এবং অদক্ষতার প্রমাণ। এহেন অবস্থায় তাকে চাকুরিতে রাখা সমীচীন নয় মর্মে প্রকল্প কর্তৃপক্ষ মনে করে। এ প্রেক্ষিতে তাকে প্রকল্পের চাকুরি হতে সাময়িক বরখাস্ত করে উপজেলা নির্বাহী অফিসার, মুরাদনগর, কুমিল্লা এর কার্যালয়ে সংযুক্ত করা হলো।

৩. একই সাথে কর্তব্য-কর্মে চরম অবহেলার কারণে কেন তাকে চুক্তিভিত্তিক নিয়োগপত্রের শর্তানুযায়ী ০১ (এক) মাসের নোটিশ প্রদান করে প্রকল্পের চাকুরি হতে স্থায়ীভাবে অব্যাহতি প্রদান করা হবে না, তার ব্যাখ্যা আগামী ১০(দশ) কার্য দিবসের মধ্যে উপজেলা সমন্বয়কারী এবং উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে প্রেরণের জন্য নির্দেশ প্রদান করা হলো।



৭-২-২০১৯

আকবর হোসেন

প্রকল্প পরিচালক

ফোন: ৯৩৫৯০৮৩

ফ্যাক্স: ৯৩৪৮২০৬

ইমেইল: headoffice@ebek-  
rdcd.gov.bd

জনাব মোঃ তানভীর হাসান সরকার, মাঠসহকারী  
মুরাদনগর, কুমিল্লা।

স্মারক নম্বর: ৪৭.৬০.০০০০.০০১.২৭.০০২.১৯.২৬/১(৮)

তারিখ: ২৪ মাঘ ১৪২৫

০৬ ফেব্রুয়ারি ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) ব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক, ৭১-৭২, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০।
- ২) জেলা প্রশাসক, কুমিল্লা।
- ৩) উপজেলা নির্বাহী অফিসার, মুরাদনগর, কুমিল্লা।
- ৪) প্রোগ্রামার, একটি বাড়ি একটি খামার প্রকল্প (প্রকল্পের ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ৫) জেলা সমন্বয়কারী, একটি বাড়ি একটি খামার প্রকল্প, কুমিল্লা।
- ৬) উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, মুরাদনগর, কুমিল্লা।
- ৭) উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, মুরাদনগর, কুমিল্লা।
- ৮) উপজেলা সমন্বয়কারী, একটি বাড়ি একটি খামার প্রকল্প, মুরাদনগর, কুমিল্লা।



৭-২-২০১৯